

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
সরকারি মাধ্যমিক শাখা  
www.dshe.gov.bd

নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.২০.১১৩

তারিখ: ৩০ পৌষ ১৪২৬


১৪ জানুয়ারি ২০২০

অফিস আদেশ

শহীদ শেখ রাসেল সরকারি উচ্চ বিদ্যালয়, হাজারীবাগ, ঢাকা-এর প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক না থাকায় বিদ্যালয়ের সহকারী শিক্ষক জনাব মোঃ আশরাফ আলী আনছারী-কে ০২.০১.২০২০খ্রি: হতে বর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

(ক)	এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক/জ্যেষ্ঠতম সহকারী প্রধান শিক্ষকের যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
(খ)	ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস.আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিল সমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
(গ)	দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাঁকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে।
(ঘ)	তিনি প্রচলিত বিধি মোতাবেক দায়িত্ব ভাতা পাবেন।



১৪-১-২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক  
মহাপরিচালক

নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.২০.১১৩/১(৬)

তারিখ: ৩০ পৌষ ১৪২৬

১৪ জানুয়ারি ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ২) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ....., .....
- ৩) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ..... অঞ্চল, .....
- ৪) প্রধান শিক্ষক, শহীদ শেখ রাসেল সরকারি উচ্চ বিদ্যালয়, হাজারীবাগ, ঢাকা।
- ৫) জনাব মোঃ আশরাফ আলী আনছারী, সহকারী শিক্ষক, শহীদ শেখ রাসেল সরকারি উচ্চ বিদ্যালয়, হাজারীবাগ, ঢাকা।

৬) সংরক্ষণ নথি।



১৪-১-২০২০

মোঃ আমিনুল ইসলাম টুকু  
সহকারী পরিচালক-১